গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়
অপারেশনস্ অধিশাখা
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.dnc.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০৪.০০০০.০০৯.০০.০২০.১৫- ৫৪৯ তারিখ : ০৭ পৌষ, ১৪৩২ / ২৩ ডিসেম্বর, ২০২৫

**বিষয়: ২৫ ডিসেম্বর, 'বড়দিন' এবং থার্টি ফার্স্ট নাইট-২০২৫ উদযাপন উপলক্ষ্যে মাদকবিরোধী অভিযান জোরদারকরণ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী প্রেরণ**

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের অপারেশনস্ অধিশাখার ২৩/১২/২০২৫ তারিখের ৪৪.০৪.০০০০.০০৯.০০.০২০.১৫-৫৪৮ সংখ্যক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২২/১২/২০২৫ তারিখ মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে "২৫ ডিসেম্বর, 'বড়দিন' এবং থার্টি ফার্স্ট নাইট-২০২৫ উদযাপন উপলক্ষ্যে মাদকবিরোধী অভিযান জোরদারকরণ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত" একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার কার্যবিবরনী প্রস্তুত করা হয়েছে এবং কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, কার্যবিবরণী'র গৃহীত সিদ্ধান্তসমূহ স্ব-স্ব অধিক্ষেত্রাধীন কার্যালয়ের প্রযোজ্য অংশটুকু বাস্তবায়নসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উক্ত সভার কার্যবিবরণী'টি এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: **বর্ণনামতে ০৩ (তিন) পাতা**

২৩/১২/২৫
(মুকুল জ্যোতি চাকমা)
উপপরিচালক (অপারেশনস্)
ফোন: ০২-২২৬৬৬৫১৩৫

**বিতরণ:**

১। পরিচালক (অপারেশনস্/প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর, ময়মনসিংহ ও গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা
৩। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয় (সকল)/জেলা কার্যালয় (সকল)/মেট্রোঃ কার্যালয় (সকল)/বিভাগীয় গোয়েন্দা কার্যালয় (সকল), টেকনাফ বিশেষ জোন, টেকনাফ, কক্সবাজার
৪। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

**অনুলিপি:**

১। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। অতিঃ মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিঃ মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস কপি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
**www.dnc.gov.bd**

**২৫ ডিসেম্বর, 'বড়দিন' এবং থার্টি ফার্স্ট নাইট-২০২৫ উদযাপন উপলক্ষ্যে মাদকবিরোধী অভিযান জোরদারকরণ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ হাসান মারুফ<br>মহাপরিচালক<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| সভার তারিখ | : | ২২ ডিসেম্বর, ২০২৫ খ্রিঃ |
| সময় | : | বিকাল ০৩:৩০ ঘটিকা |
| স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষে (লেভেল-২) |

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাগণদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি তাঁর স্বাগত বক্তব্যে ২৫ ডিসেম্বর, 'বড়দিন' এবং থার্টি ফার্স্ট নাইট-২০২৫ উদযাপন উপলক্ষ্যে মাদকবিরোধী অভিযান জোরদারকরণে সংশ্লিষ্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলেন, বড়দিন ও থার্টি ফার্স্ট নাইট-কে কেন্দ্র করে অবৈধ বিষাক্ত মদ পান করে কোনো প্রাণহানি বা আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি না ঘটে সে বিষয়ে পূর্ব সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২৫ ও ৩১ ডিসেম্বর, ২০২৫ উপলক্ষে মাঠ প্রশাসনে যে সকল কর্মসূচী গ্রহণ করা হয়েছে তাঁদের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। ঢাকা শহর ও পার্শ্ববর্তী অঞ্চলসমূহ পৃথক ০৮ টি চেকপোস্ট স্থাপন করতে হবে। চেকপোস্টসমূহে তল্লাশীকালে বাংলাদেশ পুলিশের এপিবিএন ইউনিট মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে সর্বাত্মক সহায়তা করবেন মর্মে আশাবাদ ব্যক্ত করেন। প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণের সমন্বয়ে ০২ টি টিমসহ ঢাকাস্থ অফিসসমূহের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে মোট ০৮ টি টিম রাজধানীর বার/ক্লাব/রেস্তোরা/প্রেমিসেস টহল/অভিযান পরিচালনা করবেন। বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকার টিম শহরের গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে সার্বক্ষণিক টহল কার্যক্রম অব্যাহত রাখবেন এবং কোন অপ্রীতিকর ঘটনা পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-কে অবহিত করবেন। অধিদপ্তরের প্রধান কার্যালয়ে একটি কন্ট্রোলরুম স্থাপন করতে হবে এবং প্রতিটি টিম তাদের কার্যক্রমসমূহ সময়ে সময়ে কন্ট্রোলরুম-কে অবহিত করবে। পরিচালক (অপারেশনস্) বলেন, 'বড়দিন' এবং থার্টি ফার্স্ট নাইট উদযাপন উপলক্ষ্যে অনুমোদিত বার/ক্লাবসমূহে বিশেষ নজরদারী বৃদ্ধি করতে হবে এবং আইনের কোন ব্যত্যয় ঘটলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। আইন-প্রয়োগকালে অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণ বিশেষ সতর্কতা অবলম্বন করে অভিযান/তল্লাশী করতে হবে। অভিযান/তল্লাশীর সময় অবশ্যই ভিডিও/স্থিরচিত্র ধারণ করতে হবে। মনে রাখতে হবে কেউই আইনের উর্ধ্বে নয়। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রোঃ (উত্তর) কার্যালয়, ঢাকা বলেন, হোটেল সোনারগাঁও আসন্ন থার্টি ফার্স্ট নাইটকে কেন্দ্র করে ডিজে পার্টি, নৃত্যানুষ্ঠান পরিচালনা করার জন্য ইতোমধ্যে টিকিট বিক্রয় করা শুরু করেছে মর্মে তিনি জানতে পারেন। সভাপতি বলেন, এসব অনুষ্ঠান পরিচালনা বিষয়ে সতর্ক করে তাদেরকে পত্র দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও এরকম উৎসবকে কেন্দ্র করে গাজীপুর, নারায়ণগঞ্জ, নরসিংদীসহ দেশের বিভিন্ন রিসোর্টে অপ্রীতিকর ঘটনা ঘটে থাকে। সেক্ষেত্রে দেশের সকল রিসোর্টের মধ্য থেকে দৈবচয়নের ভিত্তিতে রিসোর্ট নির্বাচন করে আকস্মিক পরিদর্শন করতে হবে। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা সভাপতিকে অবহিত করেন, আগামী ২৩/১২/২০২৫ তারিখের মধ্যে থার্টি ফার্স্ট নাইট সংক্রান্ত চেকপোস্ট এবং অভিযান/টহল সংক্রান্ত টিম গঠন করে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হবে। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়েছে:

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | গুরুত্ব মাদকপ্রবণ বিবেচনায় ঢাকা ও তার আশেপাশের নিম্নোক্ত ০৮ টি এলাকায় অস্থায়ী চেকপোস্ট গঠনপূর্বক নজরদারি অব্যাহত রাখতে হবে। চেকপোস্টের কার্যক্রমকে গতিশীল করে তুলতে বাংলাদেশ পুলিশ থেকে জনবল সহায়তা চাইতে হবে।<br>**চেকপোস্টসমূহ:** | ১। পরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা<br>২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা<br>৩। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো (উত্তর/দক্ষিণ), ঢাকা<br>৪। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ঢাকা/নারায়ণগঞ্জ/গাজীপুর |

| চেকপোস্ট | এলাকা | দায়িত্বপ্রাপ্ত ইউনিট |
|---|---|---|
| চেকপোস্ট-১ | কাঞ্চন ব্রিজ | জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ |
| চেকপোস্ট-২ | ৩০০ ফিট থেকে বসুন্ধরার প্রবেশ পথ | ঢাকা মেট্রোঃ (দক্ষিণ) কার্যালয় |
| চেকপোস্ট-৩ | নীলা মার্কেট সংলগ্ন ইউ লুপ | ঢাকা মেট্রোঃ (দক্ষিণ) কার্যালয় |

CamScanner

| | | |
|---|---|---|
| চেকপোস্ট-৪ | ধানমন্ডি-২৭ সংলগ্ন রাপা প্লাজা | ঢাকা মেট্রোঃ (উত্তর) কার্যালয় |
| চেকপোস্ট-৫ | সদরঘাট | ঢাকা মেট্রোঃ (দক্ষিণ) কার্যালয় |
| চেকপোস্ট-৬ | উত্তরা-গাজীপুরের প্রবেশপথ | ঢাকা মেট্রোঃ (উত্তর) কার্যালয় |

**অভিযান ও টহল টিম:**

| টিম | আওতাধীন এলাকা | দায়িত্বপ্রাপ্ত ইউনিট |
|---|---|---|
| টিম-১ | গুলশান এলাকা | **টিমলিডার: উপপরিচালক, ঢাকা মেট্রোঃ (উত্তর) কার্যালয়, ঢাকা**<br>এবং<br>গুলশান, তেজগাঁও ও বিমানবন্দর সার্কেলের সকল স্টাফ |
| টিম-২ | বনানী এলাকা | **টিমলিডার: উপপরিচালক, ঢাকা মেট্রোঃ (দক্ষিণ) কার্যালয়, ঢাকা**<br>এবং<br>রমনা, কোতোয়ালী ও মিরপুর সার্কেলের সকল স্টাফ |
| টিম-৩ | ধানমন্ডি-২৭ নম্বর ও তৎসংলগ্ন এলাকা | **টিমলিডার: উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, ঢাকা**<br>এবং<br>ধানমন্ডি, মোহাম্মদপুর ও সবুজবাগ সার্কেলের সকল স্টাফ |
| টিম-৪ | উত্তরা এলাকা | **টিমলিডার: সহকারী পরিচালক, ঢাকা মেট্রোঃ (উত্তর) কার্যালয়, ঢাকা**<br>এবং<br>উত্তরা, লালবাগ ও মতিঝিল সার্কেলের সকল স্টাফ |
| টিম-৫ | কাঞ্চন ব্রিজ এলাকা | **টিমলিডার: উপপরিচালক, জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ**<br>এবং<br>জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ 'খ' সার্কেলের সকল স্টাফ |
| টিম-৬ | বসুন্ধরা ও নীলা মার্কেট এলাকা | **টিমলিডার: সহকারী পরিচালক, ঢাকা মেট্রোঃ (দক্ষিণ) কার্যালয়, ঢাকা**<br>এবং<br>সূত্রাপুর, ডেমরা ও খিলগাঁও সার্কেলের সকল স্টাফ |
| টিম-৭ | সদর ঘাট এলাকা | **টিমলিডার: উপপরিচালক, জেলা কার্যালয়, মুন্সিগঞ্জ**<br>এবং<br>সূত্রাপুর সার্কেল ও ঢাকা পণ্যাগারের সকল স্টাফ |
| টিম-৮ | টঙ্গী ও গাজীপুর চৌরাস্তা এলাকা | **টিমলিডার: উপপরিচালক, জেলা কার্যালয়, গাজীপুর**<br>এবং<br>জেলা কার্যালয়, গাজীপুর 'ক' সাকেল ও ক্রাউন বেভারেজ এর সকল স্টাফ |
| টিম-৯ | শ্রীপুর, কালিয়াকৈর, কাশিমপুর এলাকাসহ অণ্যান্য | **টিমলিডার: সহকারী পরিচালক, জেলা কার্যালয়, গাজীপুর**<br>এবং |

CamScanner

| | | |
|---|---|---|
| | মাদকপ্রবণ এলাকা — জেলা কার্যালয়, গাজীপুর ‘খ’ সার্কেলের সকল স্টাফ<br>টিম-১০ — সাভার, বিরুলিয়া এলাকা — **টিমলিডার: সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), জেলা কার্যালয়, ঢাকা** এবং জেলা কার্যালয়, ঢাকা ‘ক’ ও ‘খ’ সার্কেলের সকল স্টাফ | |
| ০২. | মাঠ কার্যালয়ের সমস্ত কার্যক্রম মনিটরিং করার জন্য প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণের সমন্বয়ে ০২ টি টিম বিশেষ টিম গঠন করতে হবে | ১। পরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা |
| ০৩. | বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকার টিম শহরের গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে সার্বক্ষণিক গোয়েন্দা তথ্য সংগ্রহ করে নিকটস্থ টিমকে অবগত করবে এবং কোন অপ্রীতিকর ঘটনা পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-কে অবহিত করবে। | ১। অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা<br>২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা |
| ০৪. | দেশের সকল রিসোর্টের মধ্য থেকে দৈবচয়নের ভিত্তিতে রিসোর্ট নির্বাচন করে আকস্মিক পরিদর্শন করতে হবে। | ১। অতিরিক্ত পরিচালক (সকল)<br>২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ/গাজীপুর/নরসিংদী |
| ০৫. | অধিদপ্তরের প্রধান কার্যালয়ে একটি কন্ট্রোলরুম স্থাপন করতে হবে এবং প্রতিটি টিম তাদের কার্যক্রমসমূহ সময়ে সময়ে কন্ট্রোলরুম-কে অবহিত করবে। | ১। পরিচালক (অপারেশনস্), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা |

সভায় আর আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসান মারুফ
মহাপরিচালক
ফোন: ০২-২২৬৬৬৪৪০০

স্মারক নম্বর: ৪৪.০৪.০০০০.০০৯.০০.০২০.১৫- ৫৪৮

তারিখ : ০৮ অগ্রহায়ণ, ১৪৩২ / ২৩ ডিসেম্বর, ২০২৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অপারেশনস্/প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর, ময়মনসিংহ ও গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা
৩। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয় (সকল)
৪। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো: (উত্তর/দক্ষিণ) কার্যালয়/চট্টগ্রাম মেট্রো: (উত্তর/দক্ষিণ) কার্যালয়
৫। উপপরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/জেলা কার্যালয় (সকল)/ টেকনাফ বিশেষ জোন, টেকনাফ
৬। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। অফিস কপি।

মোঃ বশির আহমেদ
পরিচালক (অপারেশনস্)
ফোন: ০২-২২৬৬৬৪৪০৫

CamScanner